## ♣ উত্তরপত্র

১৫তম শিক্ষক নিবন্ধন পরীক্ষা-(কলেজ)

**Total questions : 100 Total marks : 100**

---

1) জাপানের পার্লামেন্টের নাম কি?

1) নেসেট
2) কায়েট
✔ 3) ডায়েট
4) লোকসভা

**ব্যাখ্যা :** জাপানের পার্লামেন্টের নাম ডায়েট। যুক্তরাষ্ট্রের পার্লামেন্টের নাম কংগ্রেস। কংগ্রেসের উচ্চকক্ষের নাম সিনেট। ইসরাইলের পার্লামেন্টের নাম নেসেট ।

2) ______ Mount Everest is the highest peak in the Himalayas.

1) An
2) The
3) A
✔ 4) No article

**ব্যাখ্যা :** Indefinite articles ‘a’ or ‘an’ are used when the noun is not specific. ‘Mount Everest’ is a proper noun and cannot be said to be an unspecific thing. Therefore indefinite articles cannot be used with it; hence Option B and C are incorrect. As per the rules of use of articles, definite article ‘the’ can be used before a proper noun when it is qualified by an adjective or a defining adjectival clause. In this question, the adjective ‘tallest’ is qualifying the noun ’mountain’ but ‘Mount Everest’ is not qualified by any adjective, thus we cannot use the Option A ‘the’ with it. Also as per the rules of use of articles, the use of article is omitted before most proper nouns like names of people, continents, countries, cities, individual mountains, islands etc. therefore we can say Option D ‘No article’ is the correct answer.

3) The principal along with his students ---planting trees for two hours.

1) have been
2) is
3) are
✔ 4) has been

Hello BCS

**ব্যাখ্যা :** প্রদত্ত বাক্যের sub হলো the principle। sub singular হওয়ায় verb টিও singular হবে। বাক্যে for two hours থাকাতে বাক্যটি present perfect continuous tense এ হবে। সুতরাং শূন্যস্থানের জন্য যথাযথ expression হলো has been।

4) The word 'permissive' means

1) submissive
✔ 2) liberal
3) law-abiding
4) polite

**ব্যাখ্যা :** Permissive মানে অনুমতিপূর্ণ। Some synonyms of Permissive are liberal, broad-minded, open-minded, non-restrictive, free and easy easy-going etc.

5) "আমার গানের মালা আমি করব কারে দান।' বাক্যটিতে 'কারে'- শব্দটির কারক ও বিভক্তি কোনটি?

1) করনে সপ্তমী
✔ 2) কর্মে সপ্তমী
3) অপাদানে সপ্তমী
4) কর্তায় সপ্তমী

**ব্যাখ্যা :** যাকে আশ্রয় করে কর্তা ক্রিয়া সম্পন্ন করে, তাকেই কর্ম কারক বলে। ক্রিয়ার সাথে কি বা কাকে যোগ করে প্রশ্ন করলে যে উত্তর পাওয়া যায়, তাই কর্মকারক হয়।

6) Price for bicycles can run ______Tk. 2,000.

1) as high for
2) as high to
✔ 3) as high as
4) so high as

**ব্যাখ্যা :** As high as অর্থ প্রায়ই উচ্চ না প্রায় কোনো কিছুর সমকক্ষ। Price for bicycles can run as high as Tk. 2,000.

7) উদাহরণ প্রয়োগের ক্ষেত্রে সাধারণত কোন বিরাম চিহ্ন ব্যবহৃত হয়?

1) কোলন
2) সেমিকোলন
✔ 3) কোলন ড্যাশ
4) ড্যাস

Hello BCS

**ব্যাখ্যা :** উদাহরণ প্রয়োগের ক্ষেত্রে কোলন ( :) ও ড্যাস ( - ) চিহ্ন ব্যবহৃত হয়। যেমন - পদ পাঁচ প্রকার : বিশেষ্য, বিশেষণ, সর্বনাম, অব্যয় ও ক্রিয়া। যৌগিক ও মিশ্র বাক্যে পৃথক ভাবাপন্ন দুই বা ততোধিক বক্যের সমন্বয় বোঝাতে ড্যাস ব্যবহৃত হয়। যেমন - তোমরা দরিদ্রের উপকাড কর - এতে তোমাদের সম্মান যাবেনা - বাড়বে।

8) He fathered the plan. Here the word ‘father' is ______.

1) an adverb
✔ 2) a verb
3) an adjective
4) a noun

**ব্যাখ্যা :** Father শব্দটি verb এবং noun উভয় অর্থেই ব্যবহৃত হতে পারে। প্রদত্ত বাক্য father verb হিসেবে ব্যবহৃত হয়েছে। সুতরাং verb হিসেবে father এর অর্থ কোনো ধারণা বা পরিকল্পনার উদ্ভাবক হওয়া।

9) Identify the correct sentence-

1) He is better and superior than me.
2) He is superior than and better to me.
✔ 3) He is better than and superior to me.
4) He is better and superior to me,

**ব্যাখ্যা :** The correct sentence: He is better than and superior to me.

10) মনীষা শব্দের বিপরীত শব্দ

✔ 1) নির্বোধ
2) মনস্বিতা
3) প্রজ্ঞা
4) স্থিরতা

**ব্যাখ্যা :** মনীষা শব্দের অর্থ - প্রতিভা, প্রজ্ঞা, তীক্ষ্ণবুদ্ধি। প্রদত্ত শব্দটি একটি বিশেষ্য পদ। তাই মনীষা শব্দের বিপরীত শব্দ - নির্বোধ /বোকা। প্রদত্ত শব্দটি একটি বিশেষ্য পদ।

11) Choose the correct sentence.

1) I have many works to perform
✔ 2) I have much work to perform
3) I have many work to perform
4) I have much works to perform

**ব্যাখ্যা :** Work শব্দটি uncountable number। সুতরাং এর plural form নেই। তাই work - এর পূর্বে uncountable determiner much ব্যবহার সঠিক। সুতরাং সঠিক বাক্য : I have much work to perform.

Hello BCS

12) একটি ঘড়ি ১০% ক্ষতিতে বিক্রয় করা হলো। বিক্রয়মূল্য ৪৫ টাকা বেশি হলে ৫% লাভ হতো। ঘড়িটির ক্রয়মূল্য কত?

1) ৪০০ টাকা
2) ৩৭৫ টাকা
3) ৩৫০ টাকা
✔ 4) ৩০০ টাকা

**ব্যাখ্যা :** ১০% ক্ষতিতে ,
ক্রয়মূল্য ১০০ টাকা হলে বিক্রয়মূল্য ৯০ টাকা
৫% লাভে,
ক্রয়মূল্য ১০০ টাকা হলে বিক্রয়মূল্য ১০৫ টাকা
পার্থক্য = ১০৫ - ৯০ = ১৫ টাকা
১৫ টাকা বেশি হলে ক্রয় মুল্য ১০০ টাকা
১ টাকা বেশি হলে ক্রয় মুল্য ১০০/১৫ টাকা
৪৫ টাকা বেশি হলে ক্রয় মুল্য (১০০X ৪৫)/১৫ টাকা = ৩০০ টাকা

13) Choose the correct alternative to correct the sentence. He ______ to see us if he had been able to do.

1) would may come
2) would come
3) may had come
✔ 4) would have come

**ব্যাখ্যা :** If যুক্ত sentence যদি Past Perfect Tense হয়, তাহলে অপর Clause টি Perfect Conditional (Subject + would /could /might + have + Past participle of verb) হবে ।

14) $\log_2 64 + \log_2 8$ এর মান কত?

1) 2
2) 128
3) 7
✔ 4) 9

**ব্যাখ্যা :** $\log_2 64 + \log_2 8$
$= \log_2 2^6 + \log_2 2^3$
$=6*1 + 3*1$
$=9$

Hello BCS

15) $x^2 + y^2 = 18$ এবং $xy = 7$ হলে $(x-y)^2$ এর মান কত?

1) 7
2) 5
✔ 3) 4
4) 6

**ব্যাখ্যা :** $(x - y)^2 = x^2 - 2xy + y^2$
$= (x^2 + y^2) - 2xy$
$= 18 - 2 \times 7$
$= 18 - 14$
$= 4$

16) বঙ্গবন্ধুর ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণ কোন তারিখে ইউনেস্কোর “মেমোরি অব দ্য ওয়ার্ল্ড ইন্টারন্যাশনাল রেজিস্টারে অন্তর্ভুক্ত করা হয়েছে?

1) ৩১ অক্টোবর ২০১৭
2) ২০ অক্টোবর ২০১৭
✔ 3) ৩০ অক্টোবর ২০১৭
4) ২৫ অক্টোবর ২০১৭

**ব্যাখ্যা :** জাতিসংঘের শিক্ষা ও সংস্কৃতি বিষয়ক সংস্থা ইউনেস্কোর ' মেমোরি অব দ্য ওয়ার্ল্ড ইন্টারন্যাশনাল ' রেজিস্ট্রার - এ বঙ্গবন্ধু ঐতিহাসিক ৭ মার্চের ভাষণ অন্তর্ভুক্ত হয় ৩০ অক্টোবর ২০১৭। এটাই ইউনেস্কোর ৪২৭ টি প্রামাণ্য ঐতিহ্যের মধ্যে প্রথম অলিখিত ভাষণ।

17) একটি বর্গক্ষেত্রের কর্ণের দৈর্ঘ্য $4\sqrt{2}$ একক হলে, ঐ বর্গক্ষেত্রের ক্ষেত্রফল কত বর্গ একক?

1) 32 বর্গ একক
✔ 2) 16 বর্গ একক
3) 24 বর্গ একক
4) ৪ বর্গ একক

**ব্যাখ্যা :** আমরা জনি, বর্গক্ষেত্রের কর্ণের দৈর্ঘ্য = $a\sqrt{2}$
$a\sqrt{2} = 4\sqrt{2}$
$=) \ a = 4\sqrt{2}/\sqrt{2}$
$=) \ a = 4$
সুতরাং, বর্গক্ষেত্রের ক্ষেত্রফল, $a^2 = 4^2 = 16$ বর্গ একক

18) বাংলাদেশের স্থানীয় প্রশাসন কাঠামোর সর্বনিম্ন স্তর কোনটি?-

1) গ্রাম পরিষদ
✔ 2) উপজেলা পরিষদ

Hello BCS

3) ইউনিয়ন পরিষদ
4) জেলা পরিষদ

**ব্যাখ্যা :** বাংলাদেশের স্থানীয় প্রশাসনিক কাঠামো ৩টি স্তরে বিভক্ত যার সর্বনিম্ন স্তর হলো উপজেলা প্রশাসন। এর উপরের দুটি স্তর নিম্নক্রমে জেলা প্রশাসন ও বিভাগীয় প্রশাসন। সুত্রঃ বোর্ড বই। অর্থাৎ, স্থানীয় প্রশাসনের সর্বনিম্ন স্তর - উপজেলা প্রশাসন স্থানীয় সরকারের সর্বনিম্ন স্তর - ইউনিয়ন পরিষদ

19) OPEC- এর সচিবালয় কোথায় অবস্থিত-

1) কুয়েত
✔ 2) ভিয়েনা
3) লিবিয়া
4) কাতার

**ব্যাখ্যা :** বর্তমানে ১৪ সদস্যবিশিষ্ট Organisation of the Petroleum Exporting Countries বা OPEC - এর সচিবালয় অস্ট্রিয়ার রাজধানী ভিয়েনায় অবস্থিত।

20) "Call to mind” means-

1) fantasize
2) request
✔ 3) remember
4) attend

**ব্যাখ্যা :** "Call to mind” means- to remember or cause to be remembered.

21) শীকর শব্দের অর্থ

1) মেনে নেয়া
✔ 2) জলকণা
3) রাজস্ব
4) গাছের মুল

**ব্যাখ্যা :** 'শীকর' শব্দের অর্থ বাতাসে বাহিত জলকণা বা পানির বিন্দু।

22) আখের রসে চিনি ও পানির অনুপাত 3 : 7 হলে, রসে কি পরিমাণ চিনি আছে?

1) 40%
2) 42.86%
✔ 3) 30%
4) 70%

Hello BCS

**ব্যাখ্যা :** চিনিঃপানি = 3ঃ7
অনুপাতের রাশিদ্বয়ের যোগফল = 3+7 = 10
রসে শতকরা চিনির পরিমাণ = 3/10×100%= 30%

23) ছিয়াত্তরের মন্বন্তর বাংলা কোন সনকে?-

1) ১৭৭৬
2) ১১৭০
3) ১৭৭০
✔ 4) ১১৭৬

**ব্যাখ্যা :** দ্বৈতশাসন ব্যবস্হার মারাত্মক পরিণতি ছিল ছিয়াত্তরের মন্বন্তর। ' ছিয়াত্তরের মন্বন্তর ' নামক ভয়াবহ দুর্ভিক্ষ হয়েছিল বাংলা ১১৭৬ সনে এবং ইংরেজি ১৭৭০ সালে।

24) কম্পিউটার থেকে কম্পিউটারে তথ্য আদান প্রদান প্রযুক্তি কে কি বলা হয়?-

✔ 1) ইন্টারনেট
2) ইন্টারস্পীড
3) ইন্টারকম
4) ই-মেইল

**ব্যাখ্যা :** ইন্টারনেট বা আন্তর্জাল হল সারা পৃথিবী জুড়ে বিস্তৃত নেটওয়ার্কিং জাল, যা পরস্পরের সাথে সংযুক্ত অনেকগুলো কম্পিউটার নেটওয়ার্কের সমষ্টি । এটি জনসাধারণের জন্য উন্মুক্ত এবং যেখানে আইপি বা ইন্টারনেট প্রটোকল নামের এক প্রামাণ্য ব্যবস্থার মাধ্যমে ড্যাটা আদান-প্রদান করা হয়।

25) বায়ুমণ্ডলের ওজোন স্তর ক্ষয়ের জন্য কোন গ্যাস এর ভূমিকা সর্বোচ্চ?-

1) নাইট্রোজেন
2) মিথেন
✔ 3) সিএফসি
4) কার্বন ডাই-অক্সাইড

**ব্যাখ্যা :** ক্লোরো- ফ্লোরো কার্বন (CFC) ওজোন স্তরে পৌঁছালে অতিবেগুনি (UV) রশ্মির প্রভাবে বিযোজিত হয়ে ক্লোরিন পরমাণু (Cl) ও পরে ক্লোরিন অক্সাইড (ClO) মুক্ত মূলক উৎপন্ন করে। এসব মুক্ত মূলক ওজোনের (O3) সাথে শিকল বিক্রিয়া দ্বারা ওজোন স্তর নষ্ট করে। এর ফলে ওজোন স্তর হালকা বা ফুটো হয়ে যায়। এই ফাটল দিয়ে মহাজাতিক বিভিন্ন রশ্মি পৃথিবীতে এসে জীবজগতের ক্ষতি সাধন করে।

26) মৌলিক শব্দ কোনটি?

1) শ্রবণ
2) পাঠক
3) পরিষ্কার

Hello BCS

✔ 4) কালো

**ব্যাখ্যা :** যেসব শব্দ বিশ্লেষণ করা যায় না বা ভেঙ্গে আলাদা করা যায় না, সেগুলোকে মৌলিক শব্দ বলে। যেমন, কালো, গোলাপ, নাক, লাল, তিন।

27) Which one is a correct sentence?

1) Ten kilometers are too far to walk.
2) Every students are present today
3) Two-third of the students got degrees.
✔ 4) All the information is correct

**ব্যাখ্যা :** Correct sentence: All the information is correct

28) কোনো সমকোণী ত্রিভুজের ভূমি a উচ্চতা b এবং অতিভূজ c হলে কোনটি সঠিক?

1) $a^2 = b^2 + c^2$
2) $b^2 = c^2 + a^2$
✔ 3) $c^2 = a^2 + b^2$
4) কোনটিই নয়

**ব্যাখ্যা :** সমকোণী ত্রিভুজের ক্ষেত্রে, পিথাগোরাসের উপপাদ্য অনুসারে,
অতিভুজ$^2$ = ভূমি,$^2$+লম্ব২
বা, $c^2 = a^2 + b^2$

29) The synonym of the word 'scanty' is

✔ 1) meager
2) abundant
3) copious
4) ample

**ব্যাখ্যা :** Some common synonyms of scanty are meager, scant, skimpy, spare, and sparse. Some common antonyms of scanty abundant, ample, bountiful, copious, generous, liberal, plenteous, and plentiful.

30) ‘‘টপ্পা’ কী?

1) বাদ্যযন্ত্র
2) বিশেষ ধরনের খেলা
✔ 3) এক ধরনের গান
4) নাচের মুদ্রা

Hello BCS

**ব্যাখ্যা :** টপ্পা গান কলকাতা অঞ্চলের একটি লৌকিক গান। এটি পাঞ্জাব অঞ্চলের মূল গানের সাথে মিল থাকলেও বাংলায় এটি রাগাশ্রয়ী গান হিসেবে পরিচিত। রামনিধি গুপ্ত (নিধু বাবু) এর উদ্ভাবক বলে পরিচিত। অষ্টাদশ শতকের শেষভাগে পাঞ্জাব অঞ্চলের লোকগীতি টপ্পা গানের প্রচলন শুরু হয়। প্রধানত উটের গাড়ি চালকের মুখেই টপ্পা গান বেশি শোনা যেত। শোরী মিয়া (১৭৪২ - ১৭৯২) নামে একজন সঙ্গীতজ্ঞ টপ্পা গানগুলোকে সাঙ্গিতিক আদর্শে সাজিয়ে সম্পূর্ণ আলাদা একটি গায়ন পদ্ধতি উদ্ভাবন করেন। এ পদ্ধতি অনুসরণ করে রামনিধি গুপ্ত বা নিধু বাবু (১৭৪১ - ১৮৩৯) বাংলা টপ্পা রচনা করেন।

31) ‘লালসালু’ উপন্যাসের রচনাকাল কোনটি?

✔ 1) ১৯৪৮
2) ১৯৫২
3) ১৯৪৩
4) ১৯৭০

**ব্যাখ্যা :** সৈয়দ ওয়ালীউল্লাহ তিনটি উপন্যাস রচনা করেন। যথা - লালসালু (১৯৪৮), চাঁদের অমাবস্যা (১৯৬৪) ও কাঁদো নদী কাঁদো (১৯৬৮)। লালসালু তার শ্রেষ্ঠ রচনা। উপন্যাসটি ফরাসি ভাষায় L Arbre Sams Maeme নামে ও ইংরেজি ভাষায় Tree Without Roots নামে প্রকাশিত হয়।

32) He prohibited me-

1) to do it
2) do it
3) in doing it
✔ 4) from doing it

**ব্যাখ্যা :** Prohibit somebody from doing something অর্থ কাউকে কোনো কিছু করা থেকে নিষেধ / বারণ করা। সুতরাং শূন্যস্থানে from doing it বসবে।

33) মোদের গরব মোদের আশা আ মরি বাংলা ভাষা- গানের রচয়িতা কে-

1) রবীন্দ্র নাথ ঠাকুর
2) কবি জসীম উদ্দিন
✔ 3) অতুলপ্রসাদ সেন
4) কাজী নজরুল ইসলাম

**ব্যাখ্যা :** অতুলপ্রসাদ বাংলা গানে ঠুংরি ধারার প্রবর্তক। তিনিই প্রথম বাংলায় গজল রচনা করেন। তার রচিত বাংলা গজলের সংখ্যা ৬-৭টি। গীতিগুঞ্জ (১৯৩১) গ্রন্থে তার সমুদয় গান সংকলিত হয়। এই গ্রন্থের সর্বশেষ সংস্করণে (১৯৫৭) অনেকগুলি অপ্রকাশিত গান প্রকাশিত হয়। অতুলপ্রসাদের গানের সংখ্যা ২০৮।

34) পদ্মা ও মেঘনা নদীর মিলনস্থল এর নাম কি?-

1) ভোলা

Hello BCS

✔ 2) চাঁদপুর
3) বরিশাল
4) গোয়ালন্দ

**ব্যাখ্যা :** চাঁদপুরের পদ্মা-মেঘনা আর ডাকাতিয়া নদীর মিলনস্থল হল মেঘনা মোহনা।

35) UNCHR এর সদর দপ্তর কোথায় –

1) ভেনেজুয়েলা
2) অস্ট্রিয়া
✔ 3) জেনেভা
4) ভিয়েনা

**ব্যাখ্যা :** United Nations High Commissioner for Refugees বা UNHCR সদর দপ্তর সুইজারল্যান্ডের জেনেভায়। অন্যদিকে UN এর সদর দপ্তর নিউইয়র্কে, FAO -এর রোমে এবং OXFAM - এর লন্ডনে ।

36) সোয়াইন ফ্লু ভাইরাসের উৎপত্তিস্থল কোথায়?-

1) অস্ট্রেলিয়া
✔ 2) মেক্সিকো
3) এশিয়া
4) আফ্রিকা

**ব্যাখ্যা :** সোয়াইন ফ্লু ভাইরাসের উৎপত্তিস্থল উত্তর আমেরিকার দেশ মেক্সিকো। ২০০৯ সালে প্রথম এ ভাইরাস মানুষের নজরে আসে।

Hello BCS

37) বৃত্তের ব্যাস তিনগুণ বৃদ্ধি করলে ক্ষেত্রফল কতগুণ বৃদ্ধি পাবে?

1) 12
2) 16
3) 4
✔ 4) 9

**ব্যাখ্যা :** ধরি, ব্যাস = ২x ∴ ব্যাসার্ধ (r) = x ক্ষেত্রফল = $\pi r^2$
ব্যাস ৩ গুণ বৃদ্ধি করলে, ব্যাস = ৬x , r = ৩x
∴ক্ষেত্রফল = π(৩x)$^2$
= ৯πx$^2$

38) ৬ ১ / ৪ % হার সুদে কত সময়ে ৯৬ টাকার সুদ ১৮ টাকা হবে?

✔ 1) ৩ বছরে
2) ৪ বছরে

3) ২ ১ / ২ বছরে

4) ২ বছরে

**ব্যাখ্যা :** আমরা জানি, I = Pnr

বা, ১৮ = ৯৬×n×২৫/৪×১০০

বা, n = ১৮/৬

বা, n = ৩

39) 1971 সালে মুক্তিযুদ্ধে বিশেষ অবদানের জন্য কোন নারীকে বীরপ্রতীক উপাধিতে ভূষিত করা হয়-

✔ 1) তারামন বিবি ও সিতারা বেগম

2) সিতারা বেগম ও ময়মনা বিবি

3) তারামন বিবি ও ময়মুনা বিবি

4) মনসুরা বিবি ও তারামন বিবি

**ব্যাখ্যা :** বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধে অসামান্য অবদানের জন্য ২ জন মহিলা ; ড. সিতারা বেগম ও তারামন বিবিকে বীরপ্রতীক উপাধিতে ভূষিত করা হয়। তারামন বিবি ড. সিতারা বেগম ১৯৭১ সালের স্বাধীন যুদ্ধে যথাক্রমে ১১ ও ২ নং সেক্টরে যুদ্ধ করেন।

40) বিভক্তিহীন নাম শব্দকে বলে

✔ 1) প্রাতিপদিক

2) নামপদ

3) ক্রিয়াপদ

4) সাধিত শব্দ

**ব্যাখ্যা :** যে পদ দ্বারা নাম বুঝায় থাকে নামপদ বলে। যে পদের পরবর্তী ক্রিয়ামূলের সঙ্গে কৃৎ প্রত্যয় যুক্ত হয় তাকে উপপদ বলে। বিভক্তিহীন নাম শব্দকে বলা হয় প্রাতিপদিক।

41) $- 4a^2 + 23a + 6$ এর উৎপাদক কোনটি?

1) (6 – a) (4a - 1)

✔ 2) (6 - a) (4a + 1)

3) (a – 6) (4a - 1)

4) (a - 6) (4a + 1)

**ব্যাখ্যা :** $- 4a^2 + 23a + 6$

$= -(4a^2 - 23a - 6)$

$= - ( 4a^2 - 24a + a - 6)$

$= - \{4a (a - 6) + 1( a - 6)\}$

$= - ( a - 6) ( 4a + 1)$

$= (6 - a) (4a + 1)$

Hello BCS

42) সমবাহু ত্রিভুজের প্রত্যেকটি কোণের পরিমাণ কত?

1) ১২০ ডিগ্ৰী
2) ৩০ ডিগ্ৰী
3) ৯০ ডিগ্ৰী
✔ 4) ৬০ ডিগ্ৰী

**ব্যাখ্যা :** যেহেতু সমবাহু ত্রিভুজের প্রতিটি বাহুই সমান তাই, ত্রিভুজের প্রতিটি অন্তর্ভুক্ত কোণও সমান। আবার ত্রিভুজের তিনকোণের সমষ্টি 180০ হওয়ায় প্রতিটি কোণের পরিমাণ = 180০/3 = 60০

43) Identify the correct passive form or “He made me laugh.”

1) I was made laughing with him.
✔ 2) I was made to laugh by him.
3) I was made laughing by him
4) I was made laugh by him.

**ব্যাখ্যা :** Causative verb যুক্ত বাক্যটির passive voice - এর structure : ob কে sub + was + causative verb - এর p.p. + to + অন্য verb + by + sub কে ob। সুতরাং বাক্যটির passive form : I was made to laugh by him.

44) বিশ্বে জ্বালানি তেল উৎপাদনে শীর্ষ দেশ কোনটি-

1) যুক্তরাজ্য
2) সৌদি আরব
3) ইরান
✔ 4) যুক্তরাষ্ট্র

**ব্যাখ্যা :** ২০২০ সালে দৈনিকভিত্তিতে সবচেয়ে বেশি তেল উৎপাদন করে যুক্তরাষ্ট্র। দেশটি এসময় দৈনিক ১৮ দশমিক ৬১ মিলিয়ন ব্যারেল তেল উৎপাদন করে, যা বিশ্বের মোট ২০ শতাংশ। এরপরই সৌদি আরবের অবস্থান। এটি উৎপাদন করে ১০ দশমিক ৮১ মিলিয়ন ব্যারেল, যা বিশ্বের মোট ১২ শতাংশ। ১০ দশমিক পাঁচ মিলিয়ন ব্যারেল উৎপাদন করে রাশিয়ার অবস্থান তৃতীয়, যা বিশ্বের মোট ১১ শতাংশ। এরপরই রয়েছে কানাডা ও চীন। দেশ দুটি যথাক্রমে উৎপাদন করে পাঁচ দশমিক ২৩ শতাংশ ও চার দশমিক ৮৬ শতাংশ, যা বিশ্বের মোট ছয় শতাংশ ও পাঁচ শতাংশ।

45) G-7 এর একমাত্র এশিয়া দেশ কোনটি-

1) ভারত
✔ 2) জাপান
3) চীন
4) বার্মা

Hello BCS

**ব্যাখ্যা :** ১৯৭৫ সালে প্রতিষ্ঠিত বিশ্বের উন্নত দেশের একটি সংগঠন হলো G - 7, যার একমাত্র এশীয় দেশ হলো জাপান। এর অন্যান্য দেশগুলো হলো - যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, কানাডা, জার্মানি, ফ্রান্স ও ইতালি।

46) আন্তর্জাতিক নারী দিবস পালিত হয় কোন তারিখে?-

1) ৮ই এপ্রিল
2) ৮ই ফেব্রুয়ারি
3) ৮ই আগস্ট
✔ 4) ৮ই মার্চ

**ব্যাখ্যা :** আন্তর্জাতিক নারী দিবস প্রতি বছর মার্চ মাসের ৮ তারিখে পালিত হয়। নারী সম্পর্কে সমাজকে সচেতন করতেই এই দিবসে উদ্দেশ্য। সমাজের সবস্তরে নারীর সাফল্য ও জয়গান গাওয়ার দিন নারী দিবস। ১৯০৯ সালে প্রথমবারের মতো নারী দিবস পালিত হয়।

47) রত্ন > রতন হওয়ার সন্ধি সূত্র

1) অভিশ্রুতি
2) অপিনিহিতি
3) স্বরসঙ্গতি
✔ 4) স্বরভক্তি

**ব্যাখ্যা :** সময় সময় উচ্চারণের সুবিধার জন্য সংযুক্ত ব্যঞ্জনধ্বনির মাঝখানে স্বরধ্বনি আসে। একে বলা হয় মধ্য স্বরাগম বা বিপ্রকর্ষ বা স্বরভক্তি। যেমন - রত্ন > রতন, ধর্ম > ধরম, স্বপ্ন > স্বপন, হর্ষ > হরষ।

48) 'নির্মোক' কোন শব্দগুচ্ছের সংকুচিত রূপ?

1) নির্মোহ লোক
✔ 2) সাপের খোলস
3) পশুর খোলস
4) নির্মোক রাখার পাত্র

**ব্যাখ্যা :** সাপের খোলস - নির্মোক । আরো কয়েকটি গুরুত্বপূর্ণ এক কথায় প্রকাশ ময়ূরের ডাক - কেকা বাঘের চর্ম - কৃত্তি
হরিণের চর্ম - অজিন
লাফিয়ে চলে যে - প্লবগ
লাভ করার ইচ্ছা - লিপ্সা

49) থাইল্যান্ডের মুদ্রার নাম কি?-

✔ 1) বাথ
2) রিংগিত
3) লিরা

Hello BCS

4) ক্রোনা

**ব্যাখ্যা :** থাইল্যান্ডের মুদ্রার নাম বাথ।
ভারত, সিচেলিস, নেপাল, পাকিস্তান, শ্রীলঙ্কা ও মরিশাসের মুদ্রার নাম রুপি ।
ইরান, ওমান, কম্বোডিয়া, কাতার, সৌদি আরব, ইয়েমেন ও ব্রাজিলের মুদ্রার নাম রিয়াল ।
ব্রুনাই, সিঙ্গাপুর, লাইবেরিয়া, নামিবিয়া জিম্বাবুয়ে, নিউজিল্যান্ড, বাহামাস, বার্বাডোস, বেলিজ, কানাডা, জামাইকা, ফিজি, সলোমন দ্বীপপুঞ্জ, সুরিনাম ও গায়ানার মুদ্রার নাম ডলার।

50) বাংলাদেশের অস্থায়ী সরকারের প্রথম প্রধানমন্ত্রী কে?-

✔ 1) তাজউদ্দিন আহমেদ
2) এম মনসুর আলী
3) এ এইচ এম কামরুজ্জামান
4) খন্দকার মোশতাক আহমেদ

**ব্যাখ্যা :** ১৯৭১ সালের মহান মুক্তিযুদ্ধের সময় ১০ এপ্রিল ১৯৭১ মেহেরপুর জেলার মুজিবনগরে গঠিত অস্হায়ী সরকারের প্রথম প্রধানমন্ত্রী ছিলেন তাজউদ্দীন আহমদ। আর এ সরকারের রাষ্ট্রপতি ছিলেন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান।

51) Epicurism’- এর যথার্থ পরিভাষা

1) পরিবেশবাদ
2) নিয়তিবাদ
✔ 3) ভোগবাদ
4) অস্তিত্ববাদ

**ব্যাখ্যা :** Epicurism একটি পরিভাষা। যার যথার্থ পরিভাষা ভোগবাদ।

Hello BCS

52) বাংলাদেশ জাতীয় সংসদের মোট সদস্য সংখ্যা-

1) ৩০০
2) ৩৪০
✔ 3) ৩৫০
4) ৩৩০

**ব্যাখ্যা :** বাংলাদেশের জাতীয় সংসদের মোট সদস্য সংখ্যা ৩৫০। জনগণের সরাসরি ভোটে নির্বাচিত সদস্য সংখ্যা ৩০০ এবং নারীই জন্য সংরক্ষিত আসন সংখ্যা ৫০টি।

53) ঢাক ঢাক গুড় গুড় বাগধারাটির অর্থ কি?

1) ঢাক জোরে বাজানো
2) সন্দেহজনক আচরণ
3) ষড়যন্ত্র

✔ 4) লুকোচুরি

**ব্যাখ্যা :** ঢাক ঢাক গুড গুড বাগধারাটির অর্থ কপটতা বা গোপন করা প্রয়াস। তাই সঠিক উত্তর লুকোচুরি।

54) ব্রজবুলিতে কোন কবি পদাবলি রচনা করেন?

✔ 1) বিদ্যাপতি
2) জ্ঞানদাস
3) চন্ডীদাস
4) গোবিন্দদাস

**ব্যাখ্যা :** বিদ্যাপতি মিথিলার সীতালার সীতামঢ়ী মহকুমার বিসফি গ্রামে আনুমানিক ১৩৮০ খ্রিস্টাব্দে জন্মগ্রহণ করেন। তিনি মৈথিলী, অবহট্‌ঠ ও সংস্কৃত ভাষায় পদ রচনা করেন। ব্রজবুলিতে রচিত রাধাকৃষ্ণের প্রণয়মূলক পদ তার শ্রেষ্ঠ কীর্তি।

55) ২৫৩° কোণকে কি কোণ বলে?

1) সূক্ষ্ণকোণ
✔ 2) প্রবৃদ্ধ কোণ
3) পূরক কোণ
4) স্থূল কোণ

56) কর্তৃপক্ষ তাকে তিরষ্কার করল। – The best translation is:

✔ 1) The authority took him to task.
2) The authorities took him to book.
3) The authorities blame him
4) The authority gave reins to him.

**ব্যাখ্যা :** Take to task ' অর্থ হলো তিরস্কার করা। সুতরাং 'কর্তৃপক্ষ তাকে তিরস্কার করল' বাক্যটির সঠিক অনুবাদ হলো (ঘ) The authorities took him to task.

57) মহাস্থানগড় কোন নদীর তীরে অবস্থিত?-

1) পদ্মা
✔ 2) করোতোয়া
3) কপোতাক্ষ
4) যমুনা

**ব্যাখ্যা :** বাংলার প্রাচীনতম জনপদ হলো বগুড়া জেলায় অবস্থিত মহাস্থান গড়, যা এক সময় মৌর্য ও গুপ্ত বংশের রাজাদের রাজধানী ছিল। এর প্রাচীন নাম পুন্ড্রনগর। এর অবস্থান বগুড়া শহর থেকে ১০ কি.মি. উত্তরে করতোয়া নদীর তীরে।

Hello BCS

58) প্রসূন এর প্রতিশব্দ হলো

✔ 1) পুষ্প
2) পত্র
3) কান্ড
4) ভ্রমর

**ব্যাখ্যা :** প্রসূন এর প্রতিশব্দ কুসুম বা ফুল।

59) The verb form of 'deceit' is:

✔ 1) deceive
2) decisive
3) deceitfully
4) deceitful

**ব্যাখ্যা :** Deceit( প্রতারণা) - এর verb form হলো deceive যার অর্থ প্রতারিত করা, ধোঁকা দেয়া।

60) বীরশ্রেষ্ঠ ক্যাপ্টেন মহিউদ্দিন জাহাঙ্গীর কোন বাহিনীতে চাকরিরত ছিলেন-

✔ 1) সেনাবাহিনী
2) পুলিশ বাহিনী
3) বিমান বাহিনী
4) নৌবাহিনী

**ব্যাখ্যা :** বাংলাদেশের মহান মুক্তিযুদ্ধ বীরত্বসূচক অবদানের জন্য বীরশ্রেষ্ঠ খেতাবপ্রাপ্ত বীরশ্রেষ্ঠ ক্যাপ্টেন মহিউদ্দিন জাহাঙ্গীর সেনাবাহিনীতে চাকুরীরত ছিলেন। তিনি ১৪ ডিসেম্বর ১৯৭১ চাঁপাইনবাবগঞ্জে শাহাদাত বরণ করেন।

Hello BCS

61) What would be the right synonym for 'Initiative' ?

1) apathy
2) indolence
✔ 3) enterprise
4) activity

**ব্যাখ্যা :** একমাত্র enterprise শব্দটি initiative এর সাথে মিল রয়েছে। যার অর্থ কর্মপ্রচেষ্টা বা প্রবর্তক।
self-motivation, resourcefulness, inventiveness, imagination, ingenuity, originality, creativity, enterprise, drive, dynamism, ambition

62) $x^{-3} - 0.001 = 0$ হলে $x^2$ এর মান কত?

1) 1/100
2) 1/10

✔ 3) 100
4) 10

ব্যাখ্যা : $x^{-3} – 0.001 = 0$
=> $1/ x^{3} = 1/1000$
=> $1/ x^{3} = 1/10^{3}$
=> $x^{3} = 10^{3}$
=> $x = 10$
=> $x^{2} = 100$

63) $\sqrt[3]{\sqrt[3]{a^{3}}}$ = কত?

✔ 1) $a^{1/3}$
2) $a^{3}$
3) 1
4) a

ব্যাখ্যা : $\sqrt[3]{\sqrt[3]{a^{3}}}$
$= \sqrt[3]{a^{3*1/3}}$
$= a^{1/3}$

64) The idiom put up with means

1) keep trust
2) protect
3) Stay together
✔ 4) tolerate

ব্যাখ্যা : The idiom put up with means tolerate. যা অর্থ সহ্য করা।

65) $(a + b)$, $a^{2} – b^{2}$ , $a^{3} – b^{3}$ এর গ, সা, গু কত?

1) a+b
2) 0
3) a-b
✔ 4) 1

ব্যাখ্যা : ১ম রাশি = $a + b$
২য় রাশি = $a^{2}+b^{2} = (a + b) (a - b)$
৩য় রাশি = $a^{3}-b^{3} = (a - b) ( a^{2} + ab + b^{2})$
অতএব নির্ণেয় গ.সা.গু = 1

Hello BCS

66) প্রাকৃত শব্দের ভাষাগত অর্থ

1) লেখকদের ভাষা
2) মূর্খদের ভাষা
✔ 3) জনগণের ভাষা
4) পণ্ডিতদের ভাষা

**ব্যাখ্যা :** প্রাকৃত শব্দের ভাষাগত অর্থ - জনগণের ভাষা। প্রাকৃত বা প্রাকৃত ভাষা কথাটির তাৎপর্য হলো প্রকৃতির অর্থাৎ জনগণের কথ্য ও বোধ্য ভাষা। একপর্যায়ে এ প্রাকৃত ভাষাই ভারতের বিভিন্ন আঞ্চলিক প্রভাবে, কথ্য ভাষার উচ্চারণের বিভিন্নতা অনুসারে ভিন্ন ভিন্ন রূপ পরিগ্রহ করে। এ প্রাকৃত ভাষাই আঞ্চলিক বিভিন্নতা নিয়ে বিভিন্ন নামে চিহ্নিত হয়।

67) Slow and steady ____ the race.

1) win
✔ 2) wins
3) has won
4) won

**ব্যাখ্যা :** 'Slow and steady wins the race ' - অধ্যবসায়ের ফলেই সাফল্যের লাভ ঘটে।

68) I have applied for the post of a Lecturer --English.

1) of
2) at
✔ 3) in
4) for

**ব্যাখ্যা :** Subject - এর পূর্বে in preposition টি ব্যবহৃত হয়। Ex: I have applied for the post of a Lecturer in English.

69) দুইটি সংখ্যার অনুপাত ৭ :৮ এবং তাদের ল.সাগু. ২৮০ হলে সংখ্যা দুইটির গ.সা.গু কত?

1) ৪
2) ৬
3) ৭
✔ 4) ৫

**ব্যাখ্যা :** সংখ্যা দুইটি যথাক্রমে ৭x এবং ৮x
সংখ্যাদুটির গ, সা, গু = x
এবং " ল, সা, গু = ৫৬ x
প্রশ্নমতে, ৫৬x = ২৮০
বা, x = ২৮০/৫৬ = ৫

Hello BCS

70) পিতার বয়স পুত্রের বয়সের ৪ গুণ, ৬ বছর পূর্বে পিতার বয়স পুত্রের বয়সের ১০ গুণ ছিল। পিতা ও পুত্রের বর্তমান বয়সের অনুপাত কত?

1) ২ : ৩
✔ 2) ৪ : ১
3) ১ : ৪
4) ৩ : ২

**ব্যাখ্যা :** ধরি, পুত্রের বর্তমান বয়স x বছর, ∴ পিতার বর্তমান বয়স ৪x বছর।
প্রশ্নমতে, ১০(x-6) =4x -6 বা, x=9
.'. 4x : x
= 4*9 : 9
= 36 : 9
= 4 : 1

71) ফিফা বিশ্বকাপ ২০২২ কোথায় অনুষ্ঠিত হবে-

✔ 1) কাতার
2) দুবাই
3) বাহরাইন
4) আবুধাবি

**ব্যাখ্যা :** ২০২২ ফিফা বিশ্বকাপ হচ্ছে ফিফা বিশ্বকাপ প্রতিযোগিতার ২২তম আসর এবং পুরুষদের আন্তর্জাতিক সংস্থার ফুটবল চ্যাম্পিয়নশিপ যেখানে প্রতিদ্বন্দ্বিতা করবে ফিফা অ্যাসোসিয়েশনের সদস্য দেশের জাতীয় দলসমূহ। এটি ২০২২ সালে কাতারে অনুষ্ঠিত হওয়ার জন্য নির্ধারিত রয়েছে। আরব বিশ্বে এটি হবে ফিফার প্রথম বিশ্বকাপ এবং মুসলিম সংখ্যাগরিষ্ঠ দেশে এটিই হবে প্রথম। ২০০২ সালের দক্ষিণ কোরিয়া ও জাপানের পর এশিয়াতে অনুষ্ঠিত এটি হবে ফিফার দ্বিতীয় বিশ্বকাপ।

Hello BCS

72) Walk fast lest you ______ miss the bus.

✔ 1) should
2) could
3) can
4) will

**ব্যাখ্যা :** Lest এর পর clause - এর structure : sub + should + verb - এর base form. সুতরাং শূন্যস্থানে should বসবে।

73) গৌড়ীয় বাংলা ব্যাকরণ রচনা করেছেন

1) রামরাম বসু
2) রামনারায়ণ তর্করত্ন

3) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর
✔ 4) রাজা রামমোহন রায়

**ব্যাখ্যা :** রাজা রামমোহন রায় রচিত বাংলা ভাষার প্রথম বাংলা ব্যাকরণ গ্রন্থ ' গৌড়ীয় ব্যাকরণ' (১৮৩৩)। ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর রচিত ব্যাকরণ গ্রন্থের নাম ' ব্যাকরণ কৌমুদী '।

74) প্রথম P সংখ্যক বিজোড় সংখ্যার যোগফল কত?

1) $P^2 - 1$
✔ 2) $P^2$
3) কোনটিই নয়
4) $P^2 + 1$

**ব্যাখ্যা :** P সংখ্যক বিজোড় সংখ্যার সমান্তর ধারা,
1+3+5+7+...+P
এখানে, a=1, d=2
সমষ্টি= n/2 {2a+(n-1)d}
=p/2 {2+(p-1)2}
$=p^2$

75) 3√3 এর 3 ভিত্তিক লগ কত?

1) 32
2) 2/3
3) √3
✔ 4) 3/2

**ব্যাখ্যা :** log3√3
$= \log_3 3\times 3^{1/2}$
$=\log_3 3^{1+½}$
$=\log_3 33/2$
$= 3/2\log_3 3$
=3/2×1
=3/2

76) বাংলাদেশের একমাত্র মৎস্য গবেষণা ইনস্টিটিউট কোথায় অবস্থিত?-

1) ফরিদপুর
✔ 2) ময়মনসিংহ
3) ঢাকা
4) খুলনা

Hello BCS

**ব্যাখ্যা :** ময়মনসিংহ বাংলাদেশের একমাত্র মৎস্য গবেষনা ইন্সটিটিউট। ময়মনসিংহস্থ বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় এলাকায় বাংলা মৎস্য গবেষনা ইন্সটিটিউটের প্রধান কার্যালয় অবস্থিত। ১৯৮৪ সালে রাষ্ট্রপতির অধ্যাদেশ বলে মৎস্য ইন্সটিটিউট প্রতিষ্ঠিত হলে চাঁদপুর নদী কেন্দ্রে স্থাপিত হয়। পরবর্তীতে ১৯৮৬ সালে ময়মনসিংহ স্বাদু পানি কেন্দ্রে স্থানান্তরিত হয়।

77) ৫টি সংখ্যার গড় ৪০। এর সাথে ৩টি সংখ্যা যোগ করা হলো, সংখ্যা তিনটির গড় ২২। সমষ্টিগতভাবে ৮টি সংখ্যার গড় কত?

1) ৩৩.২
2) ৩৩.৫০
✔ 3) ৩৩.২৫
4) কোনটিই নয়

**ব্যাখ্যা :**

৫টি সংখ্যার সমষ্টি = (৪০ x ৫) = ২০০

অন্য ৩টি " " = (২২ × ৩) = ৬৬

মোট ৮ টি সংখ্যার সমষ্টি = ২০০ + ৬৬ = ২৬৬

" ৮ " " গড় = ২৬৬/৮ = ৩৩.২৫

78) Choose the correct sentence.

1) A few of the three boys got a prize
✔ 2) Each of the three boys got a prize.
3) Every of the three boys got a prize
4) All of the three boys got a prize

**ব্যাখ্যা :** যখন কোন plural noun Each, Each of, Either of, Neither of দ্বারা যুক্ত হয় তখন তারা Singular verb গ্রহণ করে। Option (খ) - তে subject টি plural এবং verbটি singular হবে। যেহেতু Sentence - টি past indefinite tense তাই got হয়েছে।

79) ‘A rolling stone gathers no moss.’ Here ‘rolling’ is –

1) a verb
✔ 2) a participle
3) a gerund
4) an adjective

**ব্যাখ্যা :** কোন verb এর সাথে ing যুক্ত হয়ে যখন adjective এর কাজ করে তখন তাকে participle বলে। বাক্যে 'roll' verb এর সাথে ing যোগ হয় stone এর adjective হিসেবে কাজ করেছে।

Hello BCS

80) ১৬ জন শ্রমিক একটি কাজ ৩ ঘণ্টায় সম্পন্ন করতে পারে। উক্ত কাজটি সম্পন্ন করতে ৫ জন শ্রমিকের কত সময় লাগবে?

- ✔ 1) ৯ ৩ / ৫ ঘণ্টা
- 2) ১৫ ঘণ্টা
- 3) ১৫/১৬ ঘণ্টা
- 4) ৭ ৩ / ৫ ঘণ্টা

**ব্যাখ্যা :** ১৬ জন শ্রমিক কাজটি করে ৩ ঘন্টায়
;, ১ " " " " (১৬×৩) "
;, ৫ " " " " = ১৬×৩/৫ "
= ৪৮/৫ ঘন্টা
= ৯ ৩ / ৫ ঘণ্টা

81) Nasim will discuss the issue with Rafiq ______ phone.

- 1) by
- 2) on
- 3) In
- ✔ 4) over

**ব্যাখ্যা :** Phone - এর পূর্বে determiner the থাকলে over বসবে আর the না থাকলে by বসবে। By বসিয়ে বাক্যটির বাংলা : নাসিম রফিকের সাথে বিষয়টি নিয়ে ফোনে আলোচনা করবে।

Hello BCS

82) ডাক্তার সাহেবের হাত এর যশ ভাল- বাক্যে হাত ব্যবহৃত হয়েছে

- 1) অধিকার অর্থে
- ✔ 2) নিপুণতা অর্থে
- 3) অভ্যাস অর্থে
- 4) যশ অর্থে

**ব্যাখ্যা :** ডাক্তার সাহেবের হাতযশ ভালো।এখানে, হাতযশ শব্দের অর্থ - নিপুণতা, কোন কাজে পারদর্শিতার খ্যাতি,কাজে হাত দিয়ে সিদ্ধকাম ইত্যাদি।প্রদত্ত শব্দটি একটি বিশেষ্য পদ।

83) ক্রেমলিন কি?-

- 1) অস্ট্রেলিয়ার প্রধানমন্ত্রীর বাসভবন
- 2) মার্কিন প্রেসিডেন্টের সরকারি বাসভবন
- 3) বৃটেনের প্রধানমন্ত্রীর বাসভবন
- ✔ 4) রাশিয়ার প্রেসিডেন্টের সরকারি বাসভবন

**ব্যাখ্যা :** রাশিয়া প্রজাতন্ত্রের রাজধানী মস্কো শহরের মস্কোভা নদীর উত্তরে অবস্থিত বিখ্যাত ক্রেমলিন কমপ্লেক্স দেশটির প্রেসিডেন্টের সরকারি বাসভবন হিসেবে ব্যবহৃত হয়।

84) মহান নেতা শেখ মুজিবুর রহমান কে কত সালে বঙ্গবন্ধু উপাধিতে ভূষিত করা হয়-

1) ১৯৬৮
2) ১৯৭০
✔ 3) ১৯৬৯
4) ১৯৬৬

**ব্যাখ্যা :** তৎকালীন ডাকসু ভিপি তোফায়েল আহমেদ ২৩ ফেব্রুয়ারী ১৯৬৯ রেসকোর্স ময়দানে ( বর্তমান সোহরাওয়ার্দী উদ্যান) জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কে 'বঙ্গবন্ধু ' উপাধিতে ভূষিত করেন।

85) নিচের কোনটি জীবনানন্দ দাশের প্রবন্ধ গ্রন্থ?

1) ঝরা পালক
✔ 2) কবিতার কথা
3) ধূসর পাণ্ডুলিপি
4) দুর্দিনের যাত্রী

**ব্যাখ্যা :** জীবনানন্দ দাশের প্রবন্ধ গ্রন্থ - কবিতার কথা। ধূসর পান্ডুলিপি ও ঝরা পালক তার কাব্যগ্রন্থ। দুর্দিনের যাত্রী কাজী নজরুল ইসলামের প্রবন্ধ গ্রন্থ।

86) কোন বানানটি শুদ্ধ?

1) সচ্ছুল
2) স্বচ্ছল
✔ 3) সচ্ছল
4) স্বচ্ছুল

**ব্যাখ্যা :** সচ্ছল বানানটি শুদ্ধ।

87) What would be the right antonym for 'annihilate'

1) obliterate
✔ 2) establish
3) destroy
4) extinguish

**ব্যাখ্যা :** Synonyms of annihilate: abolish, black out, blot out, cancel, clean (up), efface, eradicate, erase, expunge, exterminate, extirpate. Antonyms of annihilate: build, construct, erect, put up, raise, rear, set up, establish.

Hello BCS

88) $x+1/x=2$ হলে, $x/(x^2+x+1)$ এর মান কত?

✔ 1) 1
2) 3
3) 4
4) 2

**ব্যাখ্যা :** $x + (1/x) = 2$
বা, $x^2 + 1 = 2x$
বা, $x^2 - 2x + 1 = 0$
বা, $(x - 1)^2 = 0$
বা, $x - 1 = 0$
এখন, $x/( x^2 + x - 1)$
$= 1/ (1^2 + 1 - 1)$
$= 1/1 = 1$
$\therefore x = 1$

89) দুইটি বৃত্তের ব্যাসার্ধের অনুপাত ৪ : ৫। বৃত্ত দুইটির ক্ষেত্রফলের অনুপাত কত?

✔ 1) ১৬ : ২৫
2) ১৬ : ৫
3) ২৫ : ১৬
4) ৪ : ২৫

**ব্যাখ্যা :** বৃত্তের ক্ষেত্রফল = π × বৃত্তের ব্যাসার্ধের বর্গ
দুইটি বৃত্তের ব্যাসের অনুপাত ৪ : ৫ হলে
বৃত্ত দুইটির ক্ষেত্রফলের অনুপাত =
৪$^2$ : ৫$^2$
= ১৬ : ২৫

Hello BCS

90) ‘অনেক' শব্দটি

1) নিত্য সমাস
2) উপপদ তৎপুরুষ
✔ 3) নঞ তৎপুরুষ
4) অলুক তৎপুরুষ

**ব্যাখ্যা :** না বাচক নঞ অব্যয় ( ন, না, নেই, নাই, নয় ইত্যাদি) পূর্বে বসে যে তৎপুরুষ সমাস হয়, তাকে নঞ তৎপুরুষ সমাস বলে। যেমন, নয় এক = অনেক, ন আচার = অনাচার, নাই মিল = গরমিল, ন কাল = অকাল, নয় সৃষ্টি = অনাসৃষ্টি, ন বিশ্বাস = অবিশ্বাস।

91) সাধু ও চলিত রীতিতে অভিন্নরূপে ব্যবহৃত হয়

1) সর্বনাম পদ
2) ক্রিয়া পদ
✔ 3) অব্যয় পদ
4) সম্বোধন পদ

**ব্যাখ্যা :** সাধু ও চলিত রীতিতে অভিন্নরুপে ব্যবহৃত হয় - - অব্যয়। ব্যাকরণের একটি পদ। বাক্যের মধ্যে ব্যবহারের সময় যে পদের কোনো পরিবর্তন ঘটে না তাকে অব্যয় পদ বলে। বাংলা ব্যাকরণ মতে– বাক্যে বা শব্দের সাথে ব্যবহৃত যে সকল ধ্বনি - বিভক্তি, বচন, লিঙ্গ ও কারকভেদে কোনভাবে পরিবর্তন হয় না, সে সকল পদকে অব্যয় বলে।

92) ‘ঙ’ ধ্বনিটির সঠিক উচ্চারণ হলো

1) উমা
2) উমো
3) ইয়ো
✔ 4) উয়ো

**ব্যাখ্যা :** ঙ অর্ধস্বরবর্ণ না তাই এর উচ্চারণ ‘উয়/উঁয়ো/উমা না হয়ে হবে ব্যঞ্জনঘেষা উয়ো হবে। ঙ শব্দের শুরুতে বসে না। ঙ ভিন্ন ভিন্নভাবে ব্যবহৃতর উচ্চারিত হতে পারে। যেমন : ঙ - এর উচ্চারণ উয়ো কিন্তু ব্যবহারিক উচ্চারণ ভিন্ন ভিন্ন হয়।

Hello BCS

93) I cannot spare an instant – বাক্যটির সঠিক বাংলা অনুবাদ কোনটি?

✔ 1) আমার তিলমাত্র সময় নেই
2) আমার একতিল সময় আছে
3) ওপরের কোনোটিই নয়
4) আমি এক মহুর্ত অপব্যয় করতে পারি না

**ব্যাখ্যা :** I cannot spare an instant - আমার তিলমাত্র সময় নেই

94) 'নীরোগ' শব্দের সন্ধি বিচ্ছেদ কোনটি?

1) নীঃ + রোগ
✔ 2) নিঃ + রোগ
3) নি + রোগ
4) নির+ রোগ

**ব্যাখ্যা :** ই কিংবা উ ধ্বনির পরের বিসর্গের সঙ্গে 'র' এর সন্ধি হলে বিসর্গের লোপ হয় ও বিসর্গের পূর্ববর্তী হ্রস্ব স্বর দীর্ঘ হয়। যেমন - নিঃ + রোগ = নিরোগ, নিঃ + রব = নীরব, নিঃ + রস = নীরস।

95) “সুন্দর মানুষকে নিজের দিকে টানে”- বাক্যটিতে ‘সুন্দর’ শব্দটি কোন পদ?

✔ 1) বিশেষ্য
2) সর্বনাম
3) অব্যয়
4) বিশেষণ

**ব্যাখ্যা :** বাক্যে ব্যবহৃত যে সমস্ত পদ দ্বারা কোনো ব্যক্তি, জাতি, সমষ্টি, বস্তু, স্হান, কাল, ভাব, কর্ম বা গুণের নাম বোঝানো হয় তাদের বিশেষ্য পদ বলে। যেমন - আপন ভালো সবাই চায়। এ বাক্যে ' ভালো' শব্দটি বিশেষ্য পদ।

96) √2/(√6 + 2) = কত?

✔ 1) √3-√2
2) √3+√2
3) 3-√2
4) √3+2

**ব্যাখ্যা :** √2/(√6 + 2)= √2 ((√6 - 2) / (√6 + 2) ((√6 - 2)
= (2 √3 - 2√2) / (6-4)
= √3 - √2

97)
select the meaning of the word 'stagflagation' -

1)
controlled prices

2)
a disintegrating government

3)
cultural dullness

✔ 4)
economic slow down

98) (3x)° + 3(x)° = কত?

✔ 1) 4
2) 3
3) 1
4) 2

Hello BCS

**ব্যাখ্যা :** 1+3*1
=1+3
=4

99) ঘণ্টায় y মাইল বেগে x মাইল দূরত্ব অতিক্রম করতে কত ঘণ্টা সময় লাগবে?

1) xy ঘণ্টা
2) কোনটাই নয়
✔ 3) x/y ঘণ্টা
4) y/x ঘণ্টা

**ব্যাখ্যা :** আমরা জানি,
সময় = দূরত্ব / বেগ
বা, সময় = x / y ঘন্টা

100) বাংলাদেশের রূপপুর পারমাণবিক বিদ্যুৎ প্রকল্পের সহায়তাকারী দেশ কোনটি-

1) চীন
2) ভারত
3) যুক্তরাষ্ট্র
✔ 4) রাশিয়া

**ব্যাখ্যা :** বাংলাদেশের রূপপুর পারমাণবিক বিদ্যুৎ প্রকল্পের সহায়তাকারী দেশ রাশিয়া। ভিভিআর-১২০০ মডেলের এই রিয়্যাক্টরে পরমাণু জ্বালানি পুড়িয়ে মূল শক্তি উৎপাদন হবে এবং ১২শ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন সম্ভব হবে।

---

ঘরে বসেই পড়ুন আর পরীক্ষা দিন হ্যালো বিসিএস এপে। ওয়েবসাইটে এক্সাম দিতে ভিজিট করুনঃ live.hellobcs.com

Hello BCS